# জান্নাত-জাহান্নাম

বিভাগ/অধ্যায়ঃ গোনাহগার মু’মিনদের জান্নাত-প্রবেশ

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

গোনাহগার মু’মিনদের জান্নাত-প্রবেশ

যে গোনাহগার মু'মিনরা তওবা না করেই মারা যাবে এবং আল্লাহর ক্ষমা থেকে বঞ্চিত হবে, আল্লাহর ইচ্ছায় তারা জাহান্নামে নির্ধারিত সময় পর্যন্ত নির্দিষ্ট শাস্তি ভোগ করবে। তাদেরকে সরাসরি জাহান্নামে দেওয়া হবে অথবা পুলসিরাত পার হওয়ার সময় পুল থেকে পিছল কেটে জাহান্নামে পতিত হবে। কেউ সুপারিশের ফলে, কেউ মহান আল্লাহর দয়ায়, আবার কেউ শাস্তির মেয়াদ শেষ হলে জাহান্নাম থেকে মুক্তি পেয়ে তওহীদের ফযীলতে জান্নাতে স্থান লাভ করবে। কিন্তু তাদের মধ্যে জাহান্নামের ছাপ থেকে যাবে এবং জান্নাতে তারা জাহান্নামী’ বলে পরিচিত থাকবে। (বুখারী)

Source — https://www.hadithbd.com/books/link/?id=12159

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন